আমারেও করো মার্জনা ।
আমারেও দেহো, নাথ, অমৃতের কণা ॥
গৃহ ছেড়ে পথে এসে  বসে আছি ম্লানবেশে,
আমারো হৃদয়ে করো আসন রচনা ॥
জানি আমি, আমি তব মলিন সন্তান–
আমারেও দিতে হবে পদতলে স্থান ।
আপনি ডুবেছি পাপে, কাঁদিতেছি মনস্তাপে–
শুন গো আমারো এই মরমবেদনা ॥

---